আলমডাঙ্গার পাইকপাড়ায় সংবাদ প্রকাশের পরই নিম্নমানের ইট-খোয়া অপসারণ

আলমডাঙ্গার পাইকপাড়ায় সড়কে নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ’ শিরোনামে ‘দৈনিক মেহেরপুর প্রতিদিন’ পত্রিকায় সংবাদ প্রকাশের পরই অপসারণ করা হয়েছে ব্যবহৃত নিম্নমানের ইট। পূণরায় মানসম্মত ইটের ব্যবহার নিশ্চিতে কঠোর অবস্থান নেয় উপজেলা প্রকৌশলী (এলজিইডি)।

আজ রোববার সকালে তারা ঠিকাদারি প্রতিষ্ঠানকে চিঠির মাধ্যমে অপসারণের নির্দেশ দেন। নিম্নমানের ইট অপসারণ ও মানসম্মত ইটের ব্যবহার করায় খুশি স্থানীয়রা।

জানাগেছে, উপজেলা আইলহাঁস ইউনিয়নের পাইকপাড়া টু পাইকপাড়া স্কুল পর্যন্ত প্রায় ১০ লাখ টাকা ব্যায়ে ১২০ মিটার নতুন সড়ক নির্মাণ করা চলছিল। ওই রাস্তায় নিম্নমানের ইট-খোয়া ব্যবহারের অভিযোগ তোলেন স্থানীয়রা। একপর্যায়ে সড়ক নির্মাণের কাজও তারা বন্ধ করে দেয়। এঘটনাটি উপজেলা প্রকৌশলীকে জানালে তারা দ্রুত ব্যবস্থা গ্রহণ করেন। এছাড়া সড়কের নিম্নমানের ইট অপসারণের নির্দেশ দেন।

এবিষয়ে উপজেলা প্রকৌশলী (এলজিইডির) কর্মকর্তা আব্দুর রশিদ জানান, সড়কে নিম্নমানের ইট-খোয়া ব্যবহারের কোন সুযোগ নেই। ঠিকাদারি প্রতিষ্ঠানকে চিঠির মাধ্যমে নিম্নমানের সামগ্রী অপসারণ করার নির্দেশে দেওয়া হয়।

আজ রোববার সকাল থেকে তারা ওই ইটগুলো অপসারণ পূর্বক নতুন মানসম্মত ইট ব্যবহার করে আবারো কাজ শুরু করে।